**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
বাংলাদেশ চা বোর্ড
প্রধান কার্যালয়
১৭১-১৭২, বায়েজিদ বোস্তামী রোড
নাসিরাবাদ, চট্টগ্রাম।
**www.teaboard.gov.bd**

স্মারকনম্বর-২৬.০৯.০০০০.১০৪.৩৩.০০৩.১৭.২৪১(৭)

তারিখ : ১৭ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
০১ জুলাই, ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: "ইম্পেরিয়াল টি এস্টেট লিমিটেড" নামীয় বটলিফ চা কারখানায় উৎপাদিত চায়ের সঠিক হিসাব না পাওয়ায় চা কারখানার কার্যক্রম স্থগিতকরণ আদেশ প্রত্যাহার প্রসঙ্গে।

সূত্র: ১। ইম্পেরিয়াল টি এস্টেট লি: এর ২৯.০৬.২০২৫ খ্রিষ্টাব্দ তারিখের পত্র।
২। বাংলাদেশ চা বোর্ডের ২৬.০৬.২০২৫ খ্রিষ্টাব্দ তারিখের ২৬.০৯.০০০০.০০০.১০৪.৩৩.০০০৩.১৭.২০৮ নং পত্র।
৩। ইম্পেরিয়াল টি এস্টেট লি: এর ২৪.০৬.২০২৫ খ্রিষ্টাব্দ তারিখের পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তাঁর ব্যবস্থাপনাধীন "ইম্পেরিয়াল টি এস্টেট লিমিটেড" নামীয় বটলিফ চা কারখানায় ৭৫১৯ কেজি (সাত হাজার পাঁচশত উনিশ) কেজি চায়ের ঘাটতি/অসংগতি থাকায় গত ১৯.০৬.২০২৫ খ্রিষ্টাব্দ তারিখের ২৬.০৯.০০০০.১০৪.৩৩.০০৩.১৭.১৯০ নং স্মারকে কারখানাটির কার্যক্রম স্থগিত করার আদেশ প্রদান করা হয়। উক্ত আদেশে কারখানাটি বন্ধ রাখার জন্যও নির্দেশ প্রদান করা হয়। পরবর্তীতে এ বিষয়ে "ইম্পেরিয়াল টি এস্টেট লিমিটেড" কর্তৃপক্ষ কর্তৃক ৭৫১৯ কেজি চা এর ভ্যাট, ট্যাক্স ও চা বোর্ডের সেস সহ জরিমানার অর্থ জমা প্রদান করা হয়েছে। অপরদিকে ভুল স্বীকার করে এখন থেকে বাংলাদেশ চা বোর্ডের সকল আইন কানুন মেনে চলার এবং ভবিষ্যতে এ ধরণের ভুল থেকে বিরত থাকার বিষয়ে অঙ্গিকার প্রদান করা হয়েছে।

০২। এমতাবস্থায়, চা আইন-২০১৬, বাংলাদেশ চা বোর্ড কর্তৃক বিভিন্ন সময়ে বটলিফ চা কারখানাসমূহকে প্রদত্ত নির্দেশনা এবং কারখানা পরিচালনার যথাযথ নিয়ম অনুসরণপূর্বক "ইম্পেরিয়াল টি এস্টেট লিমিটেড" নামীয় বটলিফ চা কারখানাটি পুনরায় চালু করার পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাঁকে নির্দেশক্রমে জানানো হলো। উল্লেখ্য, কারখানাটির বার্ষিক উৎপাদন ক্ষমতা ১০.০০ লক্ষ কেজি। পরবর্তীতে কারখানাটির আর কোন প্রকার অনিয়ম পরিলক্ষিত হলে চূড়ান্তভাবে কারখানার অনুমোদন ও নিবন্ধন বাতিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

০১/০৭/২০২৫

সুমন সিকদার
উপ পরিচালক (পরিকল্পনা) (ভারপ্রাপ্ত)
ফোন: ০২৩৩৩৩৭৫০৬৩
ইমেইল:btbplanning@gmail.com

ব্যবস্থাপনা পরিচালক
ইম্পেরিয়াল টি এস্টেট লি:
ডাকঘর: বুড়াবুড়ি
উপজেলা: তেঁতুলিয়া
জেলা: পঞ্চগড়।

অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১) জেলা প্রশাসক. জেলা প্রশাসকের কার্যালয়, পঞ্চগড়।
২। পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, পঞ্চগড়।

[অপর পৃষ্ঠা দ্রষ্টব্য]

৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাংলাদেশ চা বোর্ড, আঞ্চলিক কার্যালয়, ধাক্কামারা, পঞ্চগড়। (বিষয়টি কারখানা কর্তৃপক্ষকে অবহিতকরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৪। সহকারী কমিশনার, বিভাগীয় কর্মকর্তার কার্যালয়, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, পঞ্চগড়।
৫। জনসংযোগ ও শ্রমকল্যাণ কর্মকর্তা, বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম। (বিষয়টি বাংলাদেশ চা বোর্ডের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
৬। পিএ টু চেয়ারম্যান, বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম। চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।
৭। পিএ টু সদস্য (গবেষণা ও উন্নয়ন), বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম। সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য